



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

এসএমই বিভাগ

www.krishibank.org.bd

বিকেবি-প্রকা/-এসএমই-৭(৫)/২০২৩-২০২৪/ ১৭২ (২৫৩)

তারিখ: ১১/০২/২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ২০২৩-২০২৪ অর্থবছরে সিএমএসএমই খণ্ড কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও বিভাগওয়ারী সিএমএসএমই খণ্ড বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে সিএমএসএমই খাতে খণ্ড বিতরণ লক্ষ্যমাত্রা ৮০০০.০০ কোটি টাকা বিভাগওয়ারী বন্টনপূর্বক অত্র বিভাগ কর্তৃক পত্র নং-৭(৮) / ২০২৩-২০২৪/২১১(১২৫০), তারিখ ২৪/০৭/২০২৩ মূলে তা অর্জনের বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। অর্থবছরের ইতোমধ্যে সাত মাস অতিক্রান্ত হলেও এ খাতে কোন বিভাগের খণ্ড বিতরণে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ৩১/০১/২০২৪ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী সিএমএসএমই খণ্ড বিতরণ পরিস্থিতি নিম্নরূপঃ

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগ	২০২৩-২০২৪ অর্থবছরে সিএমএসএমই খাতে খণ্ড বিতরণ ও অর্জন				
		খণ্ড বিতরণ লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের হার	আনুপাতিক লক্ষ্যমাত্রা	অর্জন (কম/বেশী)
১	ঢাকা	১৬৮৯.০০	৫৯৮.৩২	৩৫%	১০৮১.১৬	(-)৪৪২.৮৪
২	ময়মনসিংহ	৮০০.০০	৪১৬.০৯	৫২%	৪৯৩.১৫	(-)৭৭.০৬
৩	চট্টগ্রাম	৭৬১.০০	২৫০.৩৭	৩২%	৪৬৯.১১	(-)২১৮.৭৪
৪	খুলনা	৭১৩.০০	২৫৮.৪	৩৬%	৪৩৯.৫২	(-)১৮১.১২
৫	বরিশাল	৩৬৫.০০	১৮৬.৫২	৫১%	২২৫.০০	(-)৩৮.৮৪
৬	সিলেট	৫০০.০০	১৮১.৯১	৩৬%	৩০৮.২২	(-)১২৬.৩১
৭	কুমিল্লা	১১৪৬.০০	৩৬৮.৩২	৩২%	৭০৬.৮৮	(-)৩৩৮.১২
৮	ফরিদপুর	৭৮৭.০০	২৫৩.৬৫	৩২%	৪৮৫.১৪	(-)২৩১.৯৯
৯	কুষ্টিয়া	৭০৩.০০	২৫৯.৯৬	৩৬%	৪৩৩.৩৬	(-)১৭৩.৪০
১০	এলপিও	৫৩৬.০০	১২.২২	২%	৩৩০.৪১	(-)৩১৮.১৯
মোট		৮০০০.০০	২৭৮৫.৭৬	৩৫%	৪৯৩১.৫১	(-)২১৪৫.৭৫

০২। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়, ২০২৩-২০২৪ অর্থবছরে ময়মনসিংহ ও বরিশাল বিভাগের লক্ষ্যমাত্রা অর্জনের হার মোটামুটি সন্তোষজনক হলেও অন্য কোন বিভাগই সিএমএসএমই খাতে খণ্ড বিতরণ লক্ষ্যমাত্রার আনুপাতিক হার অর্জন করতে পারেন।

০৩। সিএমএসএমই খণ্ড বিতরণ কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে সময়ে একাধিক পত্র জরী করা হলেও খণ্ড বিতরণ পরিস্থিতি কাঞ্চিত মাত্রায় উন্নীত হচ্ছে না। ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এ খণ্ড কার্যক্রমে গতিশীলতা আনয়নপূর্বক আগামী ৩১/০৩/২০২৪ তারিখের মধ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনসহ আগামী ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে শতভাগ খণ্ড বিতরণ করার নির্দেশনা প্রদান করেন। মাঠ কার্যালয়সমূহের ব্যবসায়িক ক্ষমতা সর্বোচ্চ সম্ভব করে যথানিয়মে ও দ্রুততম সময়ে সিএমএসএমই খাতে খণ্ড প্রবাহ বৃদ্ধি করতে হবে। খণ্ড বিতরণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়াদি পরিপালনে গুরুত্ব আরোপ করতে হবেঃ

(ক) প্রত্যেক শাখার আওতাধীন এলাকায় সম্ভাব্য সিএমএসএমই উদ্যোগ খুঁজে বের করতে হবে এবং তাদের তালিকা প্রণয়নপূর্বক যোগ্য উদ্যোগাদেরকে সিএমএসএমই খণ্ডের আওতায় আনতে হবে। অঞ্চল প্রধানগন শাখা পরিদর্শনকালে বিষয়টি নিয়মিতভাবে মনিটরিং করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন;

চলমান পাতা ০২

১

২

৩

বিষয় : ২০২৩-২০২৪ অর্থবছরে সিএমএসএমই খণ্ড কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও বিভাগওয়ারী সিএমএসএমই খণ্ড বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন প্রসঙ্গে।

- (খ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ব্যাংকের সামগ্রিক খণ্ড পোর্টফলিওতে সিএমএসএমই খাতে খণ্ড বিতরণ এবং খণ্ড ছাত্তির পরিমাণ ডিসেম্বর/২০২৪ সালের মধ্যে ২৫% এ উন্নীত করার প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। প্রত্যেক শাখাকে এ খাতে খণ্ড বিতরণের মাধ্যমে খণ্ডের প্রবাহ বৃদ্ধি করতে হবে;
- (গ) অত্র ব্যাংকের সার্কুলার লেটার নং-৬০২(১২৫০), তারিখ-০৪.০৯.২০২২ একইরূপ পণ্য বা সেবা উৎপাদনকারী প্রতিষ্ঠান চিহ্নিত করে ঝাঁকারভিত্তিক অর্ধায়নের আওতায় আনতে হবে;
- (ঘ) সিএমএসএমই খাতে প্রাপ্ত নতুন/নবায়নযোগ্য খণ্ড প্রস্তাবসমূহ দ্রুত মঞ্জুরি/নবায়ন করে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (ঙ) সিএমএসএমই খণ্ড পোর্টফলিওর খাত ভিত্তিক কাঞ্চিত গঠন হবে ম্যানুফ্যাকচারিং অনুন ৪০%, সেবা অনুন ২৫%, এবং ব্যবসা সর্বোচ্চ ৩৫%। উক্ত খাত ভিত্তিক অনুপাত অনুসরণপূর্বক খণ্ড বিতরণ করতে হবে;
- (চ) নারী উদ্যোক্তাদের খণ্ড আবেদনপত্র সর্বোচ্চ অঞ্চাধিকার ভিত্তিতে গ্রহণ ও নিষ্পত্তি করতে হবে;
- (ছ) আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ শাখাসমূহের জন্য আলাদা কর্মকোষল প্রণয়নপূর্বক সাংগঠিক ভিত্তিতে মনিটরিংসহ প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করতে হবে;
- (জ) বছর শেষে কোন শাখারই সিএমএসএমই খাতে খণ্ড বিতরণের অর্জন যাতে শুন্য না থাকে সে বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপককে পরামর্শ প্রদান করতে হবে।

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমই খণ্ড নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং ২৬/২০১০, তারিখ ৩১/১১/২০১০), বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সিএমএসএমই সংক্রান্ত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং ২, তারিখ ০৫/০৯/২০১৯) অনুসরণপূর্বক আগামী ৩১/০৩/২০২৪ তারিখের মধ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনসহ আগামী ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে ১০০% অর্জনের কার্যকর ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অন্তর্বর্তী প্রধানগণ খণ্ড বিতরণ কার্যক্রম নিয়মিত তদারকিসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বাস



২১/০২/২০২৪
(আনন্দ মোহন গোপাল)
উপমহাব্যবস্থাপক

ফোন : ০২৪৭-১২০১৬৬

Email:dgmsme@krishibank.org.bd

বিকেবি-প্রকা/এসএমই-৭(৮)/২০২৩-২০২৪/

তারিখ: ১১/০২/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ড, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ✓০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত প্রতিটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

২১/০২/২০২৪

(আফরোজা ইসলাম শিমুল)

সহকারী মহাব্যবস্থাপক